...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৪ মার্চ ২০২১ খ্রি. রবিবার
সভার সময়	বিকাল : ৩.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষে
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিব শতবর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতি এবং সকল বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা-র আত্মত্যাগ-কে কৃতজ্ঞতার সাথে স্মরণ করে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ট্রাস্ট'র ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর ৫.২(ক) এর সিদ্ধান্তের আলোকে পরিচালকের গাড়ির জন্য সরকারি পরিবহন পুলে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের পরিচালকের গাড়ির জন্য সরকারি পরিবহন পুলে আগামী ১৮/০৩/২০২১ তারিখের মধ্যে পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
২.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর ৫.২(খ) এর সিদ্ধান্তের আলোকে ট্রাস্টের স্থায়ী কার্যালয় স্থাপনের জন্য জরুরীভিত্তিতে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের স্থায়ী কার্যালয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জরুরীভিত্তিতে গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৩.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর ৫.৩(খ) এর সিদ্ধান্তের আলোকে জাতীয় তথ্য বাতায়নে 'এক দেশ এক সেবা' প্ল্যাটফর্মে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের মতো প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-কে অন্তর্ভুক্ত করণের বিষয়ে সভায় আলোচনা হয়।	জাতীয় তথ্য বাতায়নে 'এক দেশ এক সেবা' প্ল্যাটফর্মে ট্রাস্ট-কে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য a2i বরাবর আগামী ১৮/০৩/২০২১ তারিখের মধ্যে পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৪.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর ৫.৩ (গ) এর সিদ্ধান্তের আলোকে ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান প্রদান কার্যক্রম দু'টি মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের বিষয়ে আলোচনা হয়।	পবিত্র রমজান মাসের যেকোনো সময়ে ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান প্রদান কার্যক্রম দু'টি মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের আয়োজন করা হবে।	উপ-পরিচালক

৫.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর ৫.৩ (ঘ) এর সিদ্ধান্তের আলোকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৪' পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়ন সংক্রান্ত গঠিত কমিটির সভা আহবানের বিষয়ে আলোচনা হয়।	আগামী ১৮ মার্চ ২০২১ তারিখের মধ্যে এ সংক্রান্ত কমিটির প্রথম সভা আয়োজন করা হবে।	পরিচালক
৬.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর ৫.৩ (চ) এর সিদ্ধান্তের আলোকে ট্রাস্ট ফান্ডের আকার বৃদ্ধির পাশাপাশি সারা দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমের পরিধি সম্প্রসারণের জন্য বাংলাদেশ ব্যাংক, এফবিসিসিআই এবং বিএবি-'র সাথে সক্রিয় যোগাযোগের বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ ব্যাংক, এফবিসিসিআই এবং বিএবি-'র সাথে সক্রিয় যোগাযোগের মাধ্যমে ফান্ড সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে।	পরিচালক ও উপ-পরিচালক
৭.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর সার্বিক কার্যক্রমে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে।	পরিচালক ও উপ-পরিচালক
৮.	কোভিড-১৯ সংক্রমনের তীব্রতা হঠাৎ করে ঊর্ধ্বমুখী হওয়ায় সভাপতি সভায় উদ্বেগ প্রকাশ করেন। সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	ক) সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। খ) ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের জন্য পর্যাপ্ত পরিমাণ সুরক্ষা সামগ্রী ক্রয় করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৫৫

তারিখ: ১ চৈত্র ১৪২৭
১৫ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১১) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৭) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৯) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RAJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক